

যুগান্তর

জাবিতে শিক্ষার্থীদের বাধায় কাজ বন্ধ

👤 জাবি প্রতিনিধি

🕒 ১৯ মে ২০২৪, ০৪:২৭:৫২ | অনলাইন সংস্করণ



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) মাস্টারপ্ল্যান ছাড়া গাছ কেটে ভবন নির্মাণের চেষ্টা করায় কাজে বাধা দিয়েছে শিক্ষার্থীরা।

শনিবার চারুকলা ভবনের নির্মাণাধীন স্থানে গিয়ে কাজ বন্ধ করে দেয় তারা। এ সময় শিক্ষার্থীরা জানায়, দীর্ঘদিন যাবত মাস্টারপ্ল্যান প্রণয়নের দাবির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যখন উদ্যোগ নিয়েছে, ঠিক এই সময়ে ভবনের নির্মাণকাজ শুরু হলে তা মাস্টারপ্ল্যান প্রণয়নে বাধা হয়ে দাঁড়াবে। এ ছাড়া নির্ধারিত স্থানের পাশেই রয়েছে একটি লেক।

প্রতিবছর শীতের সময়ে দেশ-বিদেশ থেকে অন্যান্য লেকের মতো এতেও পরিয়ায়ী পাখি আসে। ওই স্থানে বহুতল ভবন নির্মাণ করা হলে ক্ষতিগ্রস্ত হতে পারে পাখির নিরাপদ আবাসস্থল।

এ বিষয়ে প্রকল্প পরিচালক ও চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক ময়েজউদ্দীন বলেন, আমি শুনেছি শিক্ষার্থীরা কাজ বন্ধ করে দিয়েছে। আমি তাদের সঙ্গে কথা বলে বিষয়টি সমাধানের চেষ্টা করব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

